# WBPSC Food SI Math Model Question Answer

| Mathematics (গণিত) | অঙ্কের প্র্যাকটিস সেট |
|---|---|

Get useful question answer and Pdf; Must Visit: https://bengalieducation.com

**০১. শূন্য একটি কী সংখ্যা?**

A. পূর্ণসংখ্যা
B. ধনাত্মক
C. ঋণাত্মক
D. কোনটিই নয়

**০২. 1 থেকে 50 পর্যন্ত পূর্ণবর্গ সংখ্যাগুলির যোগফল কত?**

A. 140
B. 20
C. 50
D. কোনটিই নয়

**০৩. প্রথম যৌগিক সংখ্যাটি কত?**

A. 2
B. 3
C. 4
D. 6

**০৪. 1280-এর সঙ্গে সর্বনিম্ন কত যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?**

A. 10
B. 16
C. 55
D. 89

**০৫. কত টাকা বার্ষিক 8% সরল সুদে 5 বছর জমা রাখলে সুদে-আসলে 840 টাকা হবে?**

A. 600 টাকা
B. 540 টাকা
C. 450 টাকা
D. 620 টাকা

**০৬. দুটি সংখ্যার যোগফল ও বিয়োগফল যথাক্রমে 50 ও 10 হলে, সংখ্যা দুটি কী কী?**

A. 15 ও 35
B. 20 ও 30
C. 10 ও 40
D. কোনটিই নয়

**০৭. [ $1^3+2^3+3^3+4^3+5^3+6^3+7^3+8^3+9^3+10^3$ ] = ?**

A. 3575
B. 2525
C. 5075
D. 3025

**০৮. তিনটি সংখ্যার অনুপাত 5:7:9 এবং তাদের গসাগু 45 হলে, বৃহত্তম সংখ্যাটি কত?**

A. 405
B. 225
C. 315
D. 945

**০৯. কোন ক্ষুদ্রতম সংখ্যা 72, 90 এবং 120 দ্বারা বিভাজ্য?**

A. 260
B. 630
C. 360
D. 620

**১০. $0.75 \times 0.75 + 2 \times 0.75 \times 0.25 + 0.25 \times 0.25$ = ?**

A. 1
B. 2
C. 1/2
D. 1/4

**১১. দুটি সংখ্যার অনুপাত 3:4 এবং সংখ্যাগুলির গসাগু 4। সংখ্যাদুটি কী কী?**

A. 6 ও 8
B. 9 ও 15
C. 12 ও 16
D. কোনোটিই নয়

**১২. A:B=2:3 এবং B:C=4:5 হলে, 5A:3C=?**

A. 5:8
B. 7:7
C. 5:9
D. 8:9

**১৩. 1 মিনিট 12 সেকেন্ড, এক ঘণ্টার কত শতাংশ?**

A. 1%
B. 2%
C. 10%
D. 12%

**১৪. একজন দোকানদার 10 টাকায় 12 টি বেলুন ক্রয় করে এবং 12 টাকায় 10 টি বেলুন বিক্রি করে। তার লাভের হার কত?**

A. 35%
B. 36%
C. 44%
D. 45%

**১৫. একটি নৌকা স্রোতের প্রতিকূলে 30 মিনিটে যায় 2 কিমি এবং স্রোতের অনুকূলে 2 ঘণ্টা 20 মিনিটে যায় 14 কিমি। স্রোতের গতি ঘণ্টায় কত?**

A. 1 কিমি
B. 1.5 কিমি
C. 2 কিমি
D. 2.5 কিমি

---

**১৬. A, B এবং C একটি কাজ যথাক্রমে 24, 6 এবং 12 দিনে সম্পন্ন করতে পারে। তারা যদি একসাথে কাজ করে, তবে কতদিনে কাজটি সম্পূর্ণ করবে?**

A. $^{1}/_{24}$ দিনে
B. $^{7}/_{24}$ দিনে
C. $3\frac{3}{7}$ দিনে
D. 4 দিনে

---

**১৭. একটি ঘনক যার মধ্যে 8 লিটার জল ধরে , সেটির তলের দৈর্ঘ্য কত হবে?**

A. 10 সেমি
B. 15 সেমি
C. 25 সেমি
D. 20 সেমি

---

**১৮. একটি ত্রিভুজের বাহুগুলির দৈর্ঘ্যের অনুপাত 3:4:5 এবং পরিসীমা 96 মিটার। ত্রিভুজটির ক্ষেত্রফল কত?**

A. 384 বর্গমিটার
B. 640 বর্গমিটার
C. 300 বর্গমিটার
D. 500 বর্গমিটার

---

**১৯.** $2^4 \times 3^4 \times 8^4 \div (2 \times 3 \times 8)^3 = ?$

A. 576
B. 48
C. 96
D. 192

---

**২০. একটি ট্রেন 72 কিমি/ঘণ্টা গতিবেগে 200 মিটার লম্বা একটি প্ল্যাটফর্ম 22 সেকেন্ডে অতিক্রম করলে, ট্রেনটির দৈর্ঘ্য কত?**

A. 220 মিটার
B. 240 মিটার
C. 180 মিটার
D. 200 মিটার

---

**২১. বার্ষিক 10% চক্রবৃদ্ধি সুদে 3 বছর পর সুদের পরিমান 331 টাকা হলে, আসলের পরিমান কত?**

A. 900 টাকা
B. 1100 টাকা
C. 1050 টাকা
D. 1000 টাকা

---

**২২. একটি চৌবাচ্চা জলপূর্ণ হতে 8 ঘণ্টা সময় নেয়। কিন্তু একটি ছিদ্র থাকার জন্য জলপূর্ণ হতে 2 ঘণ্টা বেশি সময় নেয়। জলপূর্ণ চৌবাচ্চাটি খালি হতে কত সময় নেবে?**

A. 40 ঘণ্টা
B. 20 ঘণ্টা
C. 16 ঘণ্টা
D. 50 ঘণ্টা

---

**২৩.** $100 \times 10 - 100 + 2000 \div 100 = ?$

A. 29
B. 780
C. 920
D. 979

---

**২৪. একটি চাকা 88 কিমি দূরত্ব অতিক্রম করতে 1000 বার আবর্তন করে। চাকাটির ব্যাস কত?**

A. 24 মিটার
B. 40 মিটার
C. 28 মিটার
D. 14 মিটার

---

**২৫. 28, 42 এবং 21 সংখ্যাগুলির গসাগু কত?**

A. 7
B. 5
C. 4
D. 6

---

| ANSWER | | | | | |
|---|---|---|---|---|---|
| ০১. D | ০২. A | ০৩. C | ০৪. B | ০৫. A | ০৬. B |
| ০৭. D | ০৮. A | ০৯. C | ১০. A | ১১. C | ১২. D |
| ১৩. B | ১৪. C | ১৫. A | ১৬. C | ১৭. D | ১৮. A |
| ১৯. B | ২০. B | ২১. D | ২২. A | ২৩. C | ২৪. C |
| ২৫. A | | | | | |

➧ **পরবর্তী পাতায় কিছু প্রশ্নের সমাধান দেওয়া হল—**

# WBPSC Food SI Math Question Solution

**উপরোক্ত অঙ্কগুলির সমাধান দেওয়া হলঃ**

২। 1 থেকে 50 পর্যন্ত পূর্ণবর্গ সংখ্যাগুলির যোগফল

= $1^2+2^2+3^2+4^2+5^2+6^2+7^2$

= 1+4+9+16+25+36+49 = 140

৪। 1280 = $(36)^2 - 16$

∴ 1280 এর সঙ্গে 16 যোগ করলে সংখ্যাটি একটি পূর্ণবর্গ সংখ্যা হবে।

৫। সুদ আসল = আসল + $\frac{\text{আসল}\times\text{সুদের হার}\times\text{সময়}}{100}$

840 = আসল + $\frac{\text{আসল}\times 8\times 5}{100}$

∴ আসল = $\frac{840\times 100}{140}$ = 600

৯। 72, 90 এবং 120 এর লসাগু = 360

∴ এই সংখ্যাগুলি দ্বারা বিভাজ্য ক্ষুদ্রতম সংখ্যা 360

১০। 0.75 = a এবং 0.25 = b হলে,

$a^2 + 2ab + b^2 = (a + b)^2 = (0.75 + 0.25)^2$

$= (1)^2$

= 1

১২। A : C = $\frac{A}{B}\times\frac{B}{C} = \frac{2}{3}\times\frac{4}{5} = \frac{8}{15} = 8:15$

5A : 3C = $(5\times 8):(3\times 15) = 8:9$

১৩। 1 মিনিট 12 সেকেন্ড = 72 সেকেন্ড

নির্ণেয় শতাংশ = $\frac{72}{60\times 60}\times 100\% = 2\%$

১৪। প্রতিটি বেলুনের ক্রয়মূল্য = $\frac{10}{12}$ টাকা

এবং প্রতিটি বেলুনের বিক্রয়মূল্য = $\frac{12}{10}$ টাকা

∴লাভের হার = $\frac{12/10 - 10/12}{10/12}\times 100\% = 44\%$

১৫। স্রোতের প্রতিকূলে নৌকার গতিবেগ = $\left(2 \div \frac{30}{60}\right)$

=4 কিমি/ঘণ্টা

স্রোতের অনুকূলে নৌকার গতিবেগ = $\left(14 \div 2\frac{20}{60}\right)$

=6 কিমি/ঘণ্টা

∴ স্রোতের গতিবেগ = (6-4)÷2 = 1 কিমি/ঘন্টা

১৬। A, B ও C একত্রে একদিনে করে কাজটির = $\left(\frac{1}{24}+\frac{1}{6}+\frac{1}{12}\right)$ অংশ = $\frac{7}{24}$ অংশ

∴ একত্রে কাজটি করতে সময় নেবে = $\frac{24}{7}$ = $3\frac{3}{7}$ দিন

১৭। ঘনকের আয়তন = $(\text{বাহু})^3$

প্রশ্নানুযায়ী $(\text{বাহু})^3 = \frac{8}{1000}$

∴বাহু = $\frac{2}{10}$ মিটার = 2 সেমি

১৮। $৫^2 = 4^2 + 3^2$ অর্থাৎ, ত্রিভুজটি সমকোণী;

ভুমি = $\left(96\times\frac{3}{12}\right)$ = 24 মিটার

উচ্চতা = $\left(96\times\frac{4}{12}\right)$ = 32 মিটার

∴ ত্রিভুজটির ক্ষেত্রফল = $\left(\frac{1}{2}\times 24\times 32\right)$

= 384 বর্গমি

২০। ট্রেনটির গতিবেগ = 72 km/h = 20 m/s

∴ $\frac{\text{ট্রেনটির দৈর্ঘ্য} + \text{প্ল্যাটফর্মের দৈর্ঘ্য}}{\text{গতিবেগ}} = \text{সময়}$

বা, $\frac{\text{ট্রেনটির দৈর্ঘ্য} + 200}{20} = 22$

বা, ট্রেনটির দৈর্ঘ্য = 240 মিটার

২২। 1 ঘণ্টায় চৌবাচ্চাটির 1/8 অংশ জলপূর্ণ হয়।

কিন্তু, ছিদ্র থাকার ফলে 1 ঘণ্টায় চৌবাচ্চাটির = $\left(\frac{1}{8+2}\right)$

= $\frac{1}{10}$ অংশ জলপূর্ণ হয়

ছিদ্র থাকায় 1 ঘণ্টায় চৌবাচ্চাটির খালি হয় = $\left(\frac{1}{8}-\frac{1}{10}\right)$

= $\frac{1}{40}$ অংশ

∴ ছিদ্রটি চৌবাচ্চাটিকে খালি করতে 40 ঘণ্টা সময় নেবে।

২৪। চাকাটির পরিধি = $2\times\pi\times r$ মিটার

প্রশ্নানুযায়ী, $2\pi r\times 1000 = 88\times 1000$

∴ r = 14

∴ চাকাটির ব্যাস = 14× 2 = 28 মিটার

© Copyright - Bengali Education

**BengaliEducation.Com**